

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ
বিএসএল অফিস কমপ্লেক্স
ভবন-২ (লেভেল- ৪, ৫, ৬)
১১৯ কাজী নজরুল ইসলাম সড়ক, ঢাকা-১০০০।

তারিখ: ৩১ আগস্ট, ২০২২।

প্রেস বিজ্ঞপ্তি

আজ ৩১/০৮/২০২২ খ্রিস্টাব্দ তারিখ রোজ বুধবার বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট জনাব শাহ মোঃ সজীব এর নেতৃত্বে ইত্যাদি ফুড প্রোডাক্টস ও আল আমিন বেকারি, বিসিক শিল্প নগরী, কাউনিয়া, বরিশাল মেট্রো, বরিশালে মোবাইল কোর্ট পরিচালনা করা হয়।

আল আমিন বেকারি ও ইত্যাদি ফুড প্রোডাক্টসের কারখানায় অভিযানকালে দেখা যায়, ঝুটি, বিস্তুটি ও কেক মোড়কীকরণে লেভেলিং প্রবিধানমালা লঙ্ঘিত, ট্রেড লাইসেন্সের মেয়াদ নেই, ফায়ার লাইসেন্স নেই, পরিবেশ ছাড়পত্র নেই, কারখানার ফ্লোর অপরিক্ষার, কর্মচারীদের স্বাস্থ্য সনদ নেই, ফ্রিজ নোংরা, মাংস ও আইসক্রিম এক ফ্রিজে রাখা, ডাক্টবিন খোলা, ডেট ম্যানেজমেন্ট ত্রুটিপূর্ণ, মাছি ও তেলাপোকার দৌরান্ত, ক্রয় ভাউচার যথাযথভাবে সংরক্ষিত নয়, পেস্ট কঠোল নেই, মানহীন কৃত্রিম রং ব্যবহার করা হচ্ছে কেকে, বিএসটিআইয়ের সনদের ঘাটতি, অগ্রীম ডেট দিয়ে রাখা ইত্যাদি। এ সকল অপরাধে নিরাপদ খাদ্য আইন, ২০১৩ এর বিধান অনুযায়ী ইত্যাদি ফুড প্রোডাক্টস ও আল আমিন বেকারি কারখানা কর্তৃপক্ষকে যথাক্রমে ১,০০,০০০/- (এক লক্ষ টাকা) ও ১,০০,০০০/- (এক লক্ষ টাকা) মোট ২,০০,০০০/- (দুই লক্ষ টাকা) অর্থদণ্ড প্রদান অনাদায়ে ম্যানেজারদ্বয়কে ২ (দুই) মাস করে বিনাশ্রম কারাদণ্ড প্রদান করা হয়। ম্যানেজারগন তাদের নিজ নিজ অপরাধ স্বীকারণ্তর্বক অর্থদণ্ড দিতে চান এবং তাৎক্ষণিক উক্ত অর্থদণ্ড আদায় করা হয়।

ইত্যাদি ফুড প্রোডাক্টস ও আল আমিন বেকারি কারখানা কর্তৃপক্ষকে খাদ্যদ্রব্য উৎপাদন, মোড়কীকরণ, সংরক্ষণ, প্রক্রিয়াকরণ, মজুদ ও বিক্রয়ে নিরাপদ খাদ্য আইনের সংশ্লিষ্ট বিধি অনুযায়ী পরিক্ষার পরিচ্ছন্নতা বজায় রাখা, খাদ্য সংরক্ষন ও ভোক্তাদের স্বাস্থ্য বুঁকি এভাবে নিয়ম মানতে নির্দেশনা দেয়া হয় এবং নিরাপদ খাদ্য নিশ্চিতকরণে করণীয় সম্পর্কে দিকনির্দেশনা সংবলিত পোস্টার প্রদান করা হয়। ইত্যাদি ফুড প্রোডাক্টস ও আল আমিন বেকারি কর্তৃপক্ষও নির্দেশনা মেনে চলবেন বলে অঙ্গীকার করেন ও ঘাটতি কাগজপত্র অতিসত্ত্ব সংগ্রহ করবেন।

অভিযানকালে বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের মনিটরিং অফিসার জনাব মোঃ ইমরান হোসেন মোল্লা, বরিশালের নিরাপদ খাদ্য অফিসার জনাব আবু নাসের মোহাম্মদ শফিউল্লাহ, বরিশাল সদরের নিরাপদ খাদ্য পরিদর্শক জনাব মোহাম্মদ জাকির হোসেন, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের অন্যান্য সাপোর্ট স্টাফ এবং বরিশাল মেট্রোপলিটন পুলিশের একটি চৌকস টিম উপস্থিত ছিলেন।



(ড. সহদেব চন্দ্র সাহা)

পরিচালক (উপসচিব)

খাদ্যের বিশুক্তা পরিবীক্ষণ ও বিচারিক কার্যক্রম বিভাগ

ই-মেইল: director.enforcement@bfsa.gov.bd

ফোনঃ ২২২২২৩৪৮১

বিভরণঃ

- ১। সদস্য (আইন ও নীতি), বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ২। সচিব, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ৩। পরিচালক, খাদ্যের বিশুক্তা পরিবীক্ষণ ও বিচারিক কার্যক্রম বিভাগ, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ৪। পিএস টু চেয়ারম্যান, (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য), বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ৫। সহকারী পরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৬। অফিস কপি।